গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
দিনাজপুর

স্মারক নং- ২৪.০১.২৭০০.০০১.০১৯.০৭.২০১৮/০৭ তারিখঃ ২২/১১/২০২৩ খ্রি.

বরাবর,
মহাপরিচালক
পাট অধিদপ্তর
ঢাকা।

বিষয়ঃ পাট অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (এন আই এস) এর আওতায় দিনাজপুর জেলায় রাইস মিলে চাল বাজারজাত করণে পরিবেশ বান্ধব পাটের ব্যবহার নিশ্চিত করণে জনসচেতনমুলক সভা আয়োজন প্রসংগে।

সূত্রঃ প্রধান কার্যালয়ের স্মারক নং-২৪.০১.০০০০.০০৩.৭৭.০০৬(অংশ-৩).১৬-১৫৬ তারিখঃ ১৬/০৮/২০২৩ খ্রি.।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্র মোতাবেক সবিনয়ে জানাচ্ছি যে, পাট অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (এন আই এস) এর আওতায় দিনাজপুর জেলায় রাইস মিলে চাল বাজারজাত করণে পরিবেশ বান্ধব পাটের ব্যবহার নিশ্চিত করণে জনসচেতনমুলক সভা গত ১৯/১০/২০২৩ খ্রি. তারিখে জেলা প্রশাসক দিনাজপুর কার্যালয়ের সম্মেলন কক্ষ (কাঞ্চন) এ বেলা ১২.০০ টায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব এস.এম মাহফুজুল হক (যুগ্ম সচিব) পরিচালক (পাট) পাট অধিদপ্তর, ঢাকা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ জানে আলম অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট দিনাজপুর। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চালকল মালিক সভাপতি জনাব মোঃ মোসাদ্দেক হোসেন। সভাপতি চেম্বার অব কমার্স দিনাজপুর সহ অটোরাইস মিল মালিকগণ/প্রতিনিধি সহ বস্তা ব্যবসায়ীগন। সভার শুরুতে ঢাকা থেকে আগত সমন্বয় কর্মকর্তা জনাব মোঃ সওগাতুল আলম সভায় একটি বিষয়ভিত্তিক পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। অনষ্ঠানে সহকারী পরিচালক, পাট অধিদপ্তর,দিনাজপুর জানান যে, বিশেষ কর্মসূচীগ্রহন উপলক্ষে এ জেলায় মোবাইল কোর্ট, নোটিশ বিতরণ, অটোরাইস মিলে পাটের বস্তার উপস্থিতি Varification চলছে। আগামী ৩১/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে এই জেলায় চালের উপর প্লাস্টিক ব্যাগ মুক্ত করে পরিবেশ বান্ধব পাটের ব্যাগ ব্যবহার শতভাগ নিশ্চিত করার কার্যক্রম অব্যাহত আছে। তিনি সভায় আরো জানান যে, এই জেলায় ১৩৮ জন বস্তা ব্যবসায়ী এবং ০৮টি পাটকল রয়েছে। পাটকল গুলির উৎপাদন ক্ষমতা ৪,৯১,৩৭,৪০৪ টি বস্তা এবং চালে বাৎসরিক বস্তার চাহিদা ৬,৫১,৮৩,৫২৭ টি। জেলায় ১৬৮ টি (চাল) অটোরাইস মিল এবং মৌসুমভিত্তিক ১৩১১ টি হাসকিং মিল রয়েছে। বর্তমানে অটোরাইস মিলগুলিতে/বাজারে Varification করে মোট চালের বস্তার ৯৫% বস্তায় পাটের ব্যাগ পাওয়া যায়। তিনি সবার দৃষ্টি আকর্ষণ করে সহযোগিতা কামনা করেন। চালকল ব্যবসায়ী প্রতিনিধি সভায় আলোকপাত করেন যে, আইন বাস্তবায়নে দিনাজপুর জেলার ব্যবসায়ীগণ সচেতন রয়েছে। তবে ১(এক) মাস সময় প্রদান পূর্বক পাটের বস্তার সরবরাহ নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। বিজেএমএ এবং বিজেএসএ এর মিল প্রতিনিধি বলেন যে, দিনাজপুর জেলায় চালকল সমূহের মাসিক চাহিদার ভিত্তিতে পাটের বস্তার সরবরাহ নিশ্চিত করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। প্রয়োজনে বিজেএমএ এবং বিজেএসএ সদস্য মিল যৌথভাবে দিনাজপুর জেলায় একটি সেল সেন্টার চালু করতে পারে। দিনাজপুর জেলায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আগামী ১ (এক) মাস সময়ের মধ্যে চালকলগুলোকে ১০০% পাটের বস্তার ব্যবহার নিশ্চিত করতে হবে মর্মে প্রস্তাব করেন। এছাড়া পাটের বস্তায় চাহিদা মোতাবেক সরবরাহ নিশ্চিত করার জন্য প্রস্তাব করেন। প্রধান অতিথি জনাব এস.এম মাহফুজুল হক (যুগ্ম সচিব) পরিচালক (পাট) পাট অধিদপ্তর, ঢাকা মহোদয় চালের উপর পাটের ব্যাগের ব্যবহারের গুরুত্ব তুলে ধরেন এবং সকলকে এই কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতার আহব্বান জানান। পরিশেষে সভাপতি মহোদয় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোঃ জানে আলম সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

২২/১১/২০২৩

মোঃ মোশাররফ হোসেন
সহকারী পরিচালক
পাট অধিদপ্তর, দিনাজপুর।

সংযুক্তঃ
১। নোটিশ
২। ছবি
৩। স্টেক হোল্ডারগণের উপস্থিতির মাস্টারোল

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সাধারন ও স্টোরস শাখা
পাট অধিদপ্তর, ঢাকা।
www.dgjute.gov.bd

স্মারক নম্বরঃ ২৪.০১.০০০০.০০৩.৭৭.০০৬(অংশ-৩).১৬- ১৫৬

তারিখ: ০১ ভাদ্র, ১৪৩০ / ১৬ আগষ্ট, ২০২৩

বিষয়ঃ দিনাজপুর ও নওগাঁ জেলায় অটো-রাইসমিল ব্যবসায়ী এবং চাল ব্যবসায়ী, সংশ্লিষ্ট স্টেকহোল্ডরদের নিয়ে জনসচেতনমূলক সভা আয়োজন।

পাট অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) আওতায় "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক আইন, ২০১০' অনুসারে রাইসমিলের চাল বাজারজাতকরণে পরিবেশবান্ধব পাটের বস্তার ব্যবহার নিশ্চিতকরণে দিনাজপুর ও নওগাঁ জেলায় ২য় ত্রৈমাসিক এ ০২(দুই)টি, ৩য় ত্রৈমাসিক এ ০২(দুই)টি এবং ৪র্থ ত্রৈমাসিক এ ০২(দুই)টিসহ মোট ০৬(ছয়)টি জনসচেতনামূলক সভা আয়োজনের নির্দেশনা রয়েছে"। সে প্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য স্ব স্ব জেলায় জেলা প্রশাসকগনের নেতৃত্বে অটো-রাইসমিল মালিক/প্রতিনিধি, চাল ব্যবসায়ী, সংশ্লিষ্ট স্টেকহোল্ডার, বণিক সমিতির সভাপতি/সাধারন সম্পাদক, স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তিবর্গ, স্থানীয় জনপ্রতিনিধি এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিসহ ৬০ জন ব্যক্তিকে আমন্ত্রণ জানিয়ে প্রতি ত্রৈমাসিকে (২য়, ৩য় ও ৪র্থ) ০১টি করে দিনাজপুর ও নওগাঁ জেলায় জনসচেতনামূলক সভা আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। প্রতিটি জনসচেতনামূলক সভায় আমন্ত্রিত অতিথিদের আপ্যায়ন, ব্যানার ক্রয়, আনুষাঙ্গিক ইত্যাদি খাতে ব্যয় নির্বাহের জন্য প্রত্যেক জেলায় ২০,০০০/-(বিশ হাজার) টাকা হিসেবে সংশ্লিষ্ট মুখ্য পরিদর্শক বরাবর প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হবে। সরকারের আর্থিক বিধিবিধান অনুসরণ করে এ খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।

০২। উদ্বুদ্ধকরণ সভার নোটিশ, অতিথিবৃন্দের মোবাইল নম্বর হাজিরা, সভার কার্যবিবরণী, খরেচের বিবরণ ও ছবিসহ একটি প্রতিবেদন অনুষ্ঠান সম্পন্ন হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পাট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। জেলা পর্যায়ের পাট উন্নয়ন কর্মকর্তা উদ্বুদ্ধকরণ সভায় উপস্থিত থেকে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবেন। প্রধান কার্যালয়ের মনোনীত কর্মকর্তাগণ উদ্বুদ্ধকরণ সভা তদারকি করবেন।

০৩। এমতাবস্থায়, ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) সফলভাবে বাস্তবায়নের জন্য অটো-রাইসমিল মালিক/প্রতিনিধি, চাল ব্যবসায়ী, সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করে স্ব-স্ব জেলা প্রশাসকের নেতৃত্বে আগামী মে, ২০২৪ তারিখের মধ্যে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামাতে।

১৬.৮.২৩

(মোঃ লুৎফর রহমান সিকদার)
(উপ সচিব)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ০২-২২৩৩৮৯০৪৪।
Email-ddjute.doj23@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৯৯,মতিঝিল বা/এ,ঢাকা-১০০০ ।

বিষয় : পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়নের নিমিত্ত দিনাজপুর জেলার কার্যক্রম মনিটর করা এবং স্টেক হোল্ডারসহ কর্মকর্তা ও কর্মচারীর সাথে মতবিনিময়সভাসহ পরিদর্শন পরবর্তী প্রতিবেদন ।

পাট অধিদপ্তর কর্তৃক বিগত ১৮ সেপ্টেম্বর,২০২৩ তারিখ ২৪.০১.০০০০.০০৪.৭১.০০৯(অংশ).২০-১৬৭ নম্বর অফিস আদেশ মাধ্যমে গঠিত কমিটি পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়নের নিমিত্ত দিনাজপুর জেলার জেলা প্রশাসনের কর্মকর্তা ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, সংশ্লিষ্ট অঞ্চলের সহকারী পরিচালক , সংশ্লিষ্ট জেলার পাট উন্নয়ন কর্মকর্তা, প্রধান কার্যালয়ের সমন্বয় কর্মকর্তা, মূখ্য পরিদর্শক, পাট উন্নয়ন সহকারী, পরিদর্শক, প্রকল্পের উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা এবং অফিস সহকারী-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, সংশ্লিষ্ট জেলার জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলার চালকল মালিক সমিতি ও অটো রাইচ মিল ওনার্স এসোসিয়েশানের প্রতিনিধি, বিশিষ্ট ব্যবসায়ী, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সংশ্লিষ্ট জেলার প্রেসক্লাবের সাংবাদিকবৃন্দসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দদের সাথে মতবিনিময় সভা করা হয় ।

২. দিনাজপুর:

২.১. গঠিত কমিটি গত ১৯ অক্টোবর,২০২৩ তারিখে দিনাজপুর জেলার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয় । সভায় জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সহ বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ উপস্থিত ছিলেন । এছাড়া উক্ত সভায় পাট অধিদপ্তরের কর্মকর্তাগণ বিভিন্ন ব্যবসায়ী প্রতিনিধি উপস্থিত ছিলেন । সভায় উপস্থিত কর্মকর্তা ও ব্যবসায়ী প্রতিনিধিদের তালিকা 'পরিশিষ্ট-ক' তে সংযুক্ত করা হলো ।

২.২. সভায় পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন,২০১০ বাস্তবায়ন বিষয়ে বিস্তারীত আলোচনা হয় এবং সমন্বয় কর্মকর্তা সভায় একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। চালকল ব্যবসায়ী প্রতিনিধি সভায় আলোকপাত করেন যে, আইন বাস্তবায়নে দিনাজপুর জেলার ব্যবসায়ীগণ সচেতন রয়েছে । তবে ১(এক) মাস সময় প্রদান পূর্বক পাটের বস্তার সরবরাহ নিশ্চিত করার জন্য অনুরোধ করেন ।

২.৩. বিজেএমএ এবং বিজেএসএ এর মিল প্রতিনিধি বলেন যে, দিনাজপুর জেলায় চালকল সমুহের মাসিক চাহিদার ভিত্তিতে পাটের বস্তার সরবরাহ নিশ্চিত করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন । প্রয়োজনে বিজেএমএ এবং বিজেএসএ সদস্য মিল যৌথভাবে দিনাজপুর জেলায় একটি সেল সেন্টার চালু করতে পারে. । তবে কি পরিমাণ পাটের বস্তার প্রয়োজন তা নিশ্চিতকরণের জন্য সহকারি পরিচালক(পাট), দিনাজপুর এবং পাট উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর একটি প্রক্ষেপন তৈরীপূর্বক বিজেএমএম ও বিজেএসএ'র স্থানীয় সদস্যদের জানানোর জন্য অনুরোধ জানান।

২.৪. দিনাজপুর জেলায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আগামী ১ মাস সময়ের মধ্যে চালকলগুলোকে ১০০% পাটের বস্তার ব্যবহার নিশ্চিত করতে হবে মর্মে প্রস্তাব করেন। এছাড়া পাটের বস্তায় চাহিদা মোতাবেক সরবরাহ নিশ্চিত করার জন্য প্রস্তাব করেন ।

২.৫. কমিটির আহ্বায়ক আইনটি বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা চেয়ে আগামী ১(এক) মাসের মধ্যে দিনাজপুর জেলায় আইনটি শতভাগ বাস্তবায়নের জন্য অনুরোধ জানান । আইন অমান্যকারীর বিরুদ্ধে আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটদের অনুরোধ জানান । মতবিনিময় সভা শেষে দিনাজপুর সদর উপজেলার বারী অটো রাইস মিল এবং মেসার্স এমসি অটো রাইস মিল পরিদর্শন করা হয়। মেসার্স এমসি অটো রাইস মিল পরিদর্শনকালে শতভাগ চাল মোড়কীকরণে পাটজাত মোড়কের ব্যবহার নিশ্চিত করা হচ্ছে এবং আইনটি বাস্তবায়নে সংশ্লিস্ট মিল কর্তৃপক্ষ বদ্ধপরিকর বলে জানান।

৩. সার্বিক দিক বিবেচনা করে মতবিনিময় সভায় নিম্নোক্ত সুপারিশ গৃহীত হয় :

৩.১. দিনাজপুর জেলায় প্রতিমাসে কি পরিমাণ পাটের বস্তার চাহিদা রয়েছে এবং চাহিদা মোতাবেক পাটের বস্তা সরবরাহ নিশ্চিতকরণের জন্য বিজেএমএ এবং বিজেএসএ এর স্থানীয় সদস্য মিল দিনাজপুর জেলায় একটি বিক্রয় কেন্দ্র স্থাপন করতে পারে।

৩.২. দিনাজপুর জেলায় প্রতিমাসে কি পরিমাণ পাটের বস্তার প্রয়োজন তা নিশ্চিতকরণের জন্য সহকারি পরিচালক (পাট), দিনাজপুর এবং পাট উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর একটি প্রক্ষেপন তৈরীপূর্বক বিজেএমএম ও বিজেএসএ'র স্থানীয় সদস্যদের জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.৩. আগামী ১ মাসের মধ্যে সকল চালকল ব্যবসায়ী চাল মোড়কীকরণের পাটের বস্তার ব্যবহার নিশ্চিত করবেন।

৩.৪. আইন অমান্যকারীর বিরুদ্ধে নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ প্রয়োজনীয় আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করবেন।

২৯/১০/২০

(এস এম মাহফুজুল হক)
যুগ্মসচিব
পরিচালক(পাট)
ফোন :০২২২৩৩৮৬৭১৪

স্মারক নং – ২৪.০১.০০০০.০০২.২৫.০০১.২৩- ২৯

তারিখ: ২৯/১০/২০২০

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :**

১। মহাপরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সহকারী পরিচালক(পাট), পাট অধিদপ্তর, দিনাজপুর।
৬। পাট উন্নয়ন কর্মকর্তা, পাট অধিদপ্তর, দিনাজপুর।
৭। সমন্বয় কর্মকর্তা-১, পাট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। চেয়ারম্যান, বিজেএমএ, মতিঝিল বা/এ, ঢাকা।
৯। চেয়ারম্যান, বিজেএসএ, পুরানা পল্টন, ঢাকা।
১০।জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, দিনাজপুর।
১১। জেলা চালকল মালিক সমিতি, দিনাজপুর।
১২। অটো রাইস মিল মালিক সমিতি, দিনাজপুর।

২৯/১০/২০২০

(এস এম মাহফুজুল হক)
যুগ্মসচিব
পরিচালক(পাট)
ফোন : ০২২২৩৩৮৬৭১৪